

বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

বিষয় : ইনোভেশন কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ এর আওতায় ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পাইলটিং হিসেবে বাস্তবায়নের নিমিত্তে একটি উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি : জয়দত্ত বড়ুয়া
সচিব ও ইনোভেশন টিম প্রধান, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট
তারিখ : ০৭.১২.২০২০ খ্রি:
সময় : সকাল ১০.০০ ঘটিকার
স্থান : সচিব মহোদয়ের কক্ষে, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট।

উপস্থিত কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ :

১। শ্যামল মিত্র বড়ুয়া উপ-পরিচালক
২। সুখময় চাকমা আইটি সহকারী

সভাপতি সভার শুরুতে উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। তিনি বলেন, ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর কর্মসম্পাদন সূচক ৬.১.১ অনুযায়ী ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়নের সরকারি আদেশ আগামী ১৯-১২-২০২০ তারিখের মধ্যে জারি করার বাধ্যবাধকতা রয়েছে। অতঃপর তিনি উদ্ভাবনী ধারণাসমূহ উপস্থাপনের জন্য আইটি সহকারী মি. সুখময় চাকমাকে অনুরোধ জানান।


০২। সভাপতির অনুমতিক্রমে আইটি সহকারী মি. সুখময় চাকমা বলেন, গত ০৩-১১-২০২০খ্রি: তারিখে ৩টি উদ্ভাবনী উদ্যোগের ধারণাসমূহ ট্রাস্টের তথ্য বাতায়নে প্রকাশ করা হয়। এর মধ্যে থেকে ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর কর্মসম্পাদন সূচক ৬.১.১ অনুযায়ী ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়নের জন্য বাছাই করা যেতে পারে বলে মত প্রকাশ করেন।

০৩। অতঃপর সভাপতি জানান যে, ৩টি উদ্ভাবনী উদ্যোগ পর্যালোচনান্তে তালিকাটির ৩নং ক্রমিকে বর্ণিত **দপ্তরে নির্দিষ্ট স্থানে ডাস্টবিন স্থাপন** উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং হিসেবে বাস্তবায়ন করার পক্ষে উপস্থিত সকল সদস্য মত দেন।

বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

- ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং হিসেবে **দপ্তরে নির্দিষ্ট স্থানে ডাস্টবিন স্থাপন** উদ্যোগটি বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে যথাসময়ে আফিস আদেশ জারি করা হবে।

০৪। অবশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(জয়দত্ত বড়ুয়া)

সভাপতি

সচিব, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট।